বনানীতে গ্রেপ্তার ডায়মন্ড ওয়ার্ল্ডের এমডি দিলীপ আগারওয়ালা



ছবি: সংগৃহীত

ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) দিলীপ কুমার আগারওয়ালাকে রাজধানীর বনানী থেকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। সোমবার (১৯ অক্টোবর) সন্ধ্যা ৬টার দিকে তাকে গ্রেপ্তার করা হয়।

ডিবিপ্রধান শফিকুল ইসলাম গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, দিলীপ আগারওয়ালার বিরুদ্ধে পুলিশের অপরাধ তদন্ত বিভাগে (সিআইডি) একটি মামলা রয়েছে। সিআইডির অনুরোধে ওই মামলার সূত্র ধরে তাকে গ্রেপ্তার করা হয়েছে। তবে মামলাটির অভিযোগ সম্পর্কে বিস্তারিত জানাননি তিনি।

এর আগে, ২০২৪ সালের ৩ সেপ্টেম্বর সোনা ও হীরা চোরাচালান, প্রতারণা, জালিয়াতি ও অর্থ পাচারের অভিযোগে দিলীপ আগারওয়ালাকে গ্রেপ্তার করেছিল র‍্যাব। আওয়ামী লীগ সরকারের পতনের পর ওই দিন মধ্যরাতে রাজধানীর গুলশানে ডায়মন্ড ওয়ার্ল্ডের কার্যালয়ে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

পরে কোটা সংস্কার আন্দোলনের সময় রাজধানীর বাড্ডায় হৃদয় আহমেদ নামের এক কিশোর হত্যার মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়। ওই মামলায় পুলিশ তাকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদও করে।

পরবর্তী সময়ে জামিনে কারামুক্ত হন দিলীপ আগারওয়ালা।